দৈনিক
ইত্তেফাক

তারিখ NOV. 09 2006
পৃষ্ঠা ২০ কলাম ৮

১৮

# প্রধান উপদেষ্টার কাছে ছাত্র সংগ্রাম পরিষদের ১০ দফা পেশ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা এবং উপদেষ্টা পরিষদের নিরপেক্ষতা প্রমাণ, অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল সরকারি বিশ্ববিদ্যালয় খুলে দেয়া এবং শিক্ষা প্রতিষ্ঠান থেকে অস্ত্রবাজ সন্ত্রাসীদের গ্রেফতারসহ ১০ দফা দাবিতে ছাত্র সংগ্রাম (১৯শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রধান উপদেষ্টার

(২০শ পৃঃ পর)

পরিষদ বুধবার অধ্যাপক ড. ইয়াজউদ্দিন আহম্মেদের কাছে স্মারকলিপি পেশ করেছে।

ছাত্রলীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে পরিষদের নেতা-কর্মীরা মিছিল সহকারে বঙ্গভবনের দিকে অগ্রসর হলে পুলিশ মহানগর নাট্যমঞ্চের সামনে তাদের বাধা দেয়।

সেখানে সংগ্রাম পরিষদের সমন্বয়ক ছাত্রলীগ সভাপতি মাহমুদ হাসান রিপনের সভাপতিত্বে জাসদ ছাত্রলীগ সভাপতি শরিফুল কবির স্বপন, ছাত্রলীগ সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার রোটন, ছাত্রমৈত্রী সভাপতি রফিকুল ইসলাম সুজন, জাতীয় ছাত্র ধারার সভাপতি বিজয় তালুকদার, ছাত্র ঐক্যের সভাপতি জুয়েল আহমেদ, ছাত্র আন্দোলনের সভাপতি কনক বড় য়া, ছাত্র সমিতির মোস্তাক হোসেন প্রমুখ বক্তব্য রাখেন।

ছাত্রলীগ সভাপতি প্রধান উপদেষ্টার কাছে ১০ দফা বাস্তবায়নের আহ্বান জানিয়ে বলেন, অবিলম্বে দাবি বাস্তবায়ন করা না হলে ছাত্র সংগ্রাম পরিষদ কঠোর আন্দোলন কর্মসূচি ঘোষণা করে সারাদেশ অচল করে দিবে। তিনি বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব তারেক রহমানের গ্রেফতার দাবি করেন। পরে প্রধান উপদেষ্টার পক্ষে তার একান্ত যুগ্মসচিব স্মারকলিপি গ্রহণ করেন।

**আজ নির্বাচন কমিশন ঘেরাও**

ছাত্র সংগ্রাম পরিষদ সিইসি এম এ আজিজের পদত্যাগ এবং কমিশন পুর্নগঠনের দাবিতে আজ বৃহস্পতিবার কমিশন ঘেরাও করবে। বেলা ১১টায় রাসেল স্কোয়ার থেকে কর্মসূচি শুরু হবে।